



প্রথম আলো

২৮-০২-২০২৫, পৃষ্ঠা- ০৬

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় সৈয়দ মঞ্জুর এলাহী পুনরায় ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন নির্বাচিত

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন হিসেবে আগামী দুই বছরের জন্য পুনর্নির্বাচিত হয়েছেন বিশিষ্ট শিল্পপতি সৈয়দ মঞ্জুর এলাহী। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বোর্ড সভাপতি অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।



সৈয়দ মঞ্জুর এলাহী

সৈয়দ মঞ্জুর এলাহী 'এপেক্স গ্রুপ'-এর প্রতিষ্ঠাতা এবং চেয়ারম্যান। তাঁকে এ দেশের পাদুকাশিল্পের পথিকৃৎ বলা হয়। এ ছাড়া তিনি মিউচুয়াল ট্রাস্টি ব্যাংকের প্রতিষ্ঠাতা ও বর্তমান চেয়ারম্যান। পেশাদারত্ব, নিরপেক্ষতা ও নেতৃত্বগুণের জন্য ১৯৯৬ ও ২০০১ সালে বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারে দুবার উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। বিজ্ঞপ্তি